

তারিখ: ৩০.০৬.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

দীর্ঘদিনের অস্থায়ী ২৯৫ জনকে যাচাই করে স্থায়ী করলেন মেয়র শাহাদাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনে (চসিক) দীর্ঘদিন ধরে কর্মরত অস্থায়ী শিক্ষক, চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের মধ্যে ২৯৫ জনকে যাচাই-বাছাই শেষে স্থায়ী করেছেন মেয়র ডা. শাহাদাত হোসেন। সোমবার টাইগারপাসস্থ চসিক প্রধান কার্যালয়ে এ সংক্রান্ত এক বৈঠকে মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, “দীর্ঘদিন ধরে নিষ্ঠার সঙ্গে কাজ করেও অনেকেই স্থায়ীকরণের অপেক্ষায় ছিলেন। আমরা ন্যায্যভিত্তিক যাচাই-বাছাই শেষে উপযুক্তদের স্থায়ী করেছি। বাকিদেরও ধাপে ধাপে স্থায়ী করা হবে।” মেয়র জানান, সরকারি শিক্ষক পদে দীর্ঘদিন ধরে দায়িত্ব পালনকারী ১৭৪ জনকে, ৭৮ জন প্রভাষককে স্থায়ী করা হয়েছে। ১৫ জন পুরুষ ও ১৫ জন মহিলা চিকিৎসককে মেডিকেল অফিসার পদে স্থায়ী করা হয়েছে। এছাড়া মেডিকেল কনসালটেন্ট পদে ২ জন, স্বাস্থ্য সহকারী পদে ৮ জন এবং স্বাস্থ্য পরিদর্শক পদে ৩ জনকে স্থায়ীকরণ করা হয়েছে। মেয়র শাহাদাত বলেন, “দায়িত্ব পালনকারীদের সম্মান ও ন্যায্য অধিকার নিশ্চিত করাই আমাদের দায়িত্ব। আমরা স্বচ্ছতা, মেধা ও নিষ্ঠার ভিত্তিতে মূল্যায়ন করেছি, যাতে সিটি কর্পোরেশনের সেবা আরো দক্ষ ও গতিশীল হয়।” এসময় আরো উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, সচিব মো. আশরাফুল আমিন, প্রধান শিক্ষা কর্মকর্তা ড. কিসিঞ্জার চাকমা, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মো. ইমাম হোসেন রানা প্রমুখ।



কানাডা যাচ্ছেন মেয়র ডা. শাহাদাত হোসেন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন মঙ্গলবার ভোর পৌনে চারটায় ঢাকা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে টরন্টোর উদ্দেশ্যে রওনা হবেন। বিমানের বিজি-৩০৫ ফ্লাইটে পথে তিনি ইস্তাম্বুলে একবার যাত্রাবিরতি করবেন। ডা. শাহাদাত হোসেন আগামী ২২ জুলাই টরন্টো থেকে বিমানের বিজি-৩০৬ ফ্লাইটে দেশে ফিরবেন বলে জানা গেছে। এর আগে সোমবার বিকাল সাড়ে ৪টায় তিনি চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর থেকে বিমানযোগে ঢাকায় রওনা হন। এসময় তাকে বিমানবন্দরে বিদায় জানান প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, সচিব মো. আশরাফুল আমিন, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা কমান্ডার ইখতিয়ার উদ্দিন আহমেদ চৌধুরীসহ চসিক কর্মকর্তাবৃন্দ ও রাজনৈতিক নেতৃবৃন্দ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮